## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**অরবিন্দ এণ্ড কোং**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৪০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৭শে জ্যৈষ্ঠ বুধবার ১৩৬০ ইংরাজী 10th June, 1953 { ৪র্থ সংখ্যা






ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ  ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVICE

## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যব[illegible] আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটি[illegible]**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটে[illegible]

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস[illegible]

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৭শে জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬০ সাল

# ইংলণ্ডের মহারাণী দ্বিতীয়া এলিজাবেথের রাজ্যাভিষেক

—•—

এলিজাবেথ নামটী মনে হইলে, স্মরণ হয় ইস্কুলের ছাত্রজীবন। পরীক্ষায় ইঁহার রাজত্বকালের অনেক ঘটনা সম্বন্ধে প্রশ্ন থাকিতে পারে বলিয়া রাত্রি জাগরণ করিয়া পড়িতে বাধ্য হইতাম। ষোড়শ খ্রীষ্ট শতাব্দীতে ইংরাজ বণিক সম্প্রদায় ইঁহার অনুমতিপত্র লইয়া ভারতের বাদশাহের নিকট সানন্দে সনন্দ প্রাপ্ত হইয়া প্রবেশলাভ করে ব্যবসায় উপলক্ষে। তারপর **বণিকের মানদণ্ড দেখা দিল রাজদণ্ডরূপে।**

ভারতের অদৃষ্টে দুর্গতি প্রায় দুই শত বৎসর ধরিয়া ভোগ ছিল, তাহা ১৯৪৭ খৃষ্টাব্দের ১৫ই আগষ্ট ঘুচিল বলিয়া কর্ণগোচর হইয়াছে মাত্র। ইংরাজ প্রদত্ত জ্ঞানে বিজ্ঞানে সুশিক্ষিত ডাঃ রাজেন্দ্র প্রসাদ আজ স্বাধীন ভারতের রাষ্ট্রপতি এবং খাস লণ্ডনে তদানীন্তন ইংরাজ রাজকুমারের সহিত একত্রে শিক্ষাপ্রাপ্ত শ্রীজহরলাল নেহেরুজী আজ ভারত সাম্রাজ্যের প্রধান মন্ত্রী। স্বাধীন ভারতের প্রধান মন্ত্রীর পদ অলঙ্কৃত করিতেছেন, তিনি ছয় বৎসর। গত সাধারণ নির্ব্বাচনের উদ্‌যোগ পর্ব্ব হইতেই জহরলালজী ভারতীয় কংগ্রেসের সভাপতির আসনও দখল করিয়া ভারতের হর্ত্তাকর্ত্তা-বিধাতা হইয়া আছেন। কংগ্রেসের অহিংসনীতি ইংরাজকে ভারত ত্যাগ করিতে বাধ্য করিয়াছে বলিয়া কংগ্রেস সম্প্রদায় আত্মপ্রসাদ লাভ করে।

মহারাণী প্রথম এলিজাবেথের আমলে ইংরাজ ণিক প্রবেশ করিয়া এই মহারাণী দ্বিতীয়া লিজাবেথের রাজ্যাভিষেকের পাঁচ বৎসর পূর্ব্বে রত ছাড়িয়া গিয়াছে। তাহারা ছাড়িলে কি হইবে, আমাদের রাষ্ট্রপতি ও প্রধান মন্ত্রী মহাশয় এই রাজ্যাভিষেকে যে মনোবৃত্তির পরিচয় দিয়াছেন, তাহাতে বেশ বোঝা যায় যে এত দিনের গোলামী যেন মজ্জাগত হইয়া গিয়াছে।

পরাধীন ভারতের অর্দ্ধনগ্ন ফকীরবেশধারী গান্ধীজী লণ্ডনের বাকিংহাম রাজপ্রাসাদে নিজের দৃঢ় স্বাতন্ত্র্য বজায় রাখিয়া বিজেতা দাম্ভিক ইংরাজের কাছে ভারতবর্ষকে যে মর্য্যাদা দিয়াছিলেন, আজ তাঁহার প্রধান মন্ত্রশিষ্য বলিয়া আপনাদিগকে লোক-সমক্ষে জাহির করিলেও ভারতের রাষ্ট্রপতি ও প্রধান মন্ত্রী সেই জগৎবিদিত মর্য্যাদাকে ঘরে-বাহিরে ধূলায় লুটাইয়া দিয়াছেন দ্বিতীয়া এলিজাবেথের রাজ্যাভিষেকের উৎসবে।

**ঘরে**—অর্থাৎ ভারতের রাজধানী দিল্লীর রাজ-ভবনে অন্নহারা ছন্নছাড়া কাঙাল ভারতবাসীদের সম্মুখে তাহাদের রাষ্ট্রপতি গান্ধীশিষ্য ডাঃ রাজেন্দ্র প্রসাদ ইংলণ্ডের রাণীর রাজ্যাভিষেক উৎসবে দোহারকী অর্থাৎ ধ্বনির প্রতিধ্বনি করিয়া দাস্য মনোভাবসম্পন্ন তথাকথিত হোমরা-চোমড়া ( BIGWIG ) ব্যক্তিদের আহ্বান করিয়া নৃত্য-গীতসহ পানাহারে নিজে কর্ম্মকর্ত্তারূপে ব্যস্ততা-সহকারে ভারতের রাজভবনে ব্রিটিশ পতাকা উড়াইয়া কাঙাল দেশের বুভুক্ষু জনগণের অস্থি মজ্জা নিঙড়ানো অর্থের আত্মশ্রাদ্ধ করিয়া যে হীনত্বের নিদর্শন দেখাইলেন, তাহা শুধু ভারতের জমা খরচে টাকার অঙ্কে নয়, জগতের ইতিহাসে সম্মানবোধের সাক্ষ্য দিবে। স্বাধীন ভারত! আজ তোমার স্বাধীনতার রূপ দেখিয়া লজ্জায় অধোবদন না হইয়া উপায় নাই!

**বাহিরে**—অর্থাৎ লণ্ডন সহরে আমাদের প্রধান মন্ত্রী যে মর্য্যাদা বজায় রাখিতে সক্ষম হইয়াছেন তাহাও চিরতরে সংবাদপত্রে ও ইতিহাসে তাহার স্থায়ী উল্লেখ বিদ্যমান থাকিবে।

আমরা ভাবিয়াছিলাম জহরলালজী স্বাধীন সার্ব্বভৌম ভারত রাষ্ট্রের প্রতিনিধি হিসাবে লণ্ডনে ইংলণ্ডের মহারাণীর উৎসবে কন্যা সমভিব্যাহারে যোগ দিবার জন্য নিমন্ত্রিত হইয়া গিয়াছেন। ব্যাপার দেখিয়া এখন মনে হইতেছে—আমরা অর্থাৎ ভারতবাসীরা আজ কোথায় তাহা ভাবিয়া দেখার প্রয়োজন।

সংবাদপত্রাদি পাঠে যাহা জানা গেল, তাহাতে ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত তাঁবেদার রাজ্যের প্রতিনিধিবৃন্দের সহিত আমাদের স্বাধীন ভারতের প্রধান মন্ত্রীও অভিষেক উৎসবে উপস্থিত হইয়াছেন, অভিষেক শোভাযাত্রায় যোগদান করিয়াছেন, অভিষেকের পূর্ব্বে ওয়েষ্ট মিনিষ্টার গির্জ্জার ভিতরে সাম্রাজ্যের অন্তর্ভুক্ত বিভিন্ন প্রতিনিধিদের মত মহারাণীকে প্রদক্ষিণ করিয়া চক্রাকারে যে যে শোভাযাত্রা হয়, তাহাতেও যোগ দিয়াছেন। রাশিয়া, চীন, আমেরিকা, ফ্রান্স প্রভৃতি দেশের প্রতিনিধিগণের পাশে তাঁহার স্থান হয় নাই। ডোমিনিয়ন প্রধান মন্ত্রীদের মর্য্যাদার সমকক্ষ মর্য্যাদার বেশী তিনি কিছুই পান নাই। আমাদের রাজভবনের শীর্ষদেশে ইউনিয়ন জ্যাক উড়িয়াছে কিন্তু অভিষেক উৎসবে ভারতীয় পতাকা স্থান পায় নাই। নিজের দেশের জাতীয় পতাকা সঙ্গে রাখিবার অধিকারও রাণীর প্রাইভেট সেক্রেটারীর নির্দ্দেশে তিনি পান নাই। স্বাধীন ভারতের শাসনরশ্মি যাঁহাদের হাতে তাঁহারা আমেরিকা হইতে লোক আনাইয়া যাবতীয় উন্নতি-মূলক কার্য্য করিবেন, তাহাদের বিদ্যা ধার করিয়া, ইংলণ্ডের লোক আনাইয়া তাহাদের অনুকরণে যাবতীয় পরিকল্পনা করেন। এই অভিষেক ইঁহাদের স্বাধীনতার স্বরূপ ও মর্য্যাদা জগৎকে দেখাইল, ইতিহাস জলন্ত অক্ষরে তাহা চিরদিন বহন করিবে।

---

# গৌরীশঙ্কর-অভিযান

## *গোঁয়ারতুমি ও বীরত্ব*

কোন দুঃসাহসিক কার্য্যে লিপ্ত হইয়া বিফল মনোরথ হইলে তাহাকে লোকে বলে গোঁয়ার। হিমালয়ের উচ্চতম গৌরী-শঙ্কর (Everest) উপ-নীত হইবার জন্য ইতিপূর্ব্বে যত দল উদ্‌যোগী হইয়াছেন, তাঁহাদের মধ্যে অনেকেই বিফলমনোরথ হইয়া চিরবিশ্রাম (For ever rest) লাভ করিয়াছেন। প্রসিদ্ধি আছে গৌরীশঙ্কর শৃঙ্গেই হর-পার্ব্বতীর বাসস্থান ( কৈলাস ) সুতরাং মানবের অগম্য। ইতিপূর্ব্বে যাঁহারা উক্ত শৃঙ্গে উঠিবার চেষ্টা করিয়াছেন তাঁহারা গোঁয়ার নামে অভিহিত হইয়াছেন। বর্ত্তমান ১৯৫৩ অব্দের ২৯শে মে

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৩ই জুলাই ১৯৫৩

১৯৫২ সালের ডিক্রীজারী

৪৬৬ থাং ডিঃ সেঃ কুমার কৃষ্ণ ঘোষ দিং দেং বালক মিশির দিং দাবি ৫৯৸৶৬ থানা সুতী মৌজে উমরাপুর ১-৭৬ শতকের কাত ১১৸৶৯ আঃ ২০০৲ খং ২১৮

১৯৫৩ সালের ডিক্রীজারী

১২১ থাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং রশুল মহম্মদ মণ্ডল দাবি ৪৫৷৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশীপুর ৩-১৫ শতকের কাত ৭৷৩ পাই আঃ ২৫৲ খং ৪৪

১২২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৭৷৮ পাই মৌজাদি ঐ ৭-৪৩ শতকের কাত ২১৷/৩ আঃ ৮০৲ খং ৪২

১২৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৭৸/২ মৌজাদি ঐ ২-৫১ শতকের কাত ৭৸৯ আঃ ২৫৲ খং ৪৪

[illegible] থাং ডিঃ ঐ দেং রশুল মহম্মদ মণ্ডল দিং দাবি [illegible]৮৷/০ মৌজাদি ঐ ৪-২৬ শতকের কাত [illegible]৷/৩ পাই আঃ ৪০৲ খং ৪৭

১২৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৫৸৶৬ মৌজাদি ঐ ১৬-৭ শতকের কাত ৩৪৸৵৪ পাই আঃ ২৫৲ খং ৪৬

১৬৮ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং মহেন্দ্র মণ্ডল দিং দাবি ৪৩৷৬ পাই থানা রঘুনাথগঞ্জ মৌজে এনায়েতনগর ১-১৬ শতকের কাত ৭৲ আঃ ৩০৲ খং ৬২

৫৪ থাং ডিঃ ফুলচাঁদ শেঠি দেং সত্যরঞ্জন দে দিং দাবি ৭৯৸৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশীপুর ৪-৭৩ শতকের কাত ২০৷০ আঃ ৪০০৲ খং ৮৯

৫৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৪৷/৯ মৌজাদি ঐ ৯-৬৬ শতকের কাত ৩২৷৵১ আঃ ১৫০৲ খং ১৫২

১৪৩ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং দুঃখভঞ্জন সিংহ দাবি ২৮৻৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে দয়ারামপুর ৫২ শতকের কাত ৩৲ আঃ ১০৲ খং ৩৭৭

১৬১ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং শশাঙ্কশেখর সরকার দিং দাবি ১৮৮৷৵৩ থানা সুতী মৌজে বসন্তপুর ১২-৯৭ শতকের কাত ৩৪৷৶৬ আঃ ৭৫৲ খং ২০২ রায়ত স্থিতিবান।

১৪৫ থাং ডিঃ হাজি হাউসতুল্লা বিশ্বাস দেং মহাদেবচরণ রায় দিং দাবি ১১৷৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মুকুন্দপুর ৪৮ শতকের কাত ৷০ আঃ ৫৲ খং ১৫৪

১০৭ থাং ডিঃ যজ্ঞেশ্বর মিশ্র দেং সেবাইত ও স্বয়ং লক্ষ্মীনারায়ণ সিংহ দাবি ১৯৸/৬ থানা সুতী মৌজে ইচলিপাড়া ৪২ শতকের কাত ২/১০ আঃ ৫৲ খং ১৮৯৮

১৩০ থাং ডিঃ ঐ দেং লক্ষ্মীনারায়ণ সিংহ দাবি ১৫৭৸৶৩ থানা সুতী মৌজে মহেশাইল আদি ৩১-১১ শতকের কাত ৬১৲ আঃ ১২৫৲

১৩১ থাং ডিঃ বীরেন্দ্রকুমার গুপ্ত দিং দেং গৌরীশঙ্কর চট্টোরাজ দিং দাবি ২৫৸/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে নিস্তা ও বাহাদিনগর ৫-১২ শতকের কাত ১২৸৶৪ আঃ ১৫৲ খং নিস্তা ৫৯৪, খং বাহাদিনগর ৫৮

১০১ থাং ডিঃ বিবি সায়েরা খাতুন দেং উন্মত্ত সেখ দিং দাবি ১৮৷৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কানুপুর ৩৮ শতকের কাত ৸৫ আঃ ৫৲ খং ৩৯৯। ২৭৭ (ছ) ৪৭৪

১৭৯ থাং ডিঃ সেবাইত রাজা রণেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর ওয়ার্ড অফ কোর্ট পক্ষে ম্যানেজার নশীপুর রাজ ওয়ার্ড ষ্টেট দেং শৈলজাকান্ত মজুমদার দিং দাবি ৩৫৷৯ থানা সুতী মৌজে আটপলগাছি ১-২৪ শতকের সেস ৸/৯ আঃ ৩৫৲ খং ২

৩ মনি ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং ভুজঙ্গভূষণ রায় দাবি ৮০৸৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেখালিপুর ১-৪২ শতকের কাত ৫৷/১৫ আঃ ১০২৲ খং ৩১৫

১৪ মনি ডিঃ যদুনন্দন বারিক দেং অযোধ্যা প্রামাণিক দাবি ১৫৩৷৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে আমগাছি ৬ শতকের কাত ৵০ আঃ ১০৲ খং ৫২

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ২০শে জুলাই ১৯৫৩

১৯৫২ সালের ডিক্রীজারী

৪২৮ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং ইউনুস সেখ দিং দাবি ৩৫৸৵৯ থানা ফরাক্কা মৌজে মুস্কিনগর ১-৪২ শতকের কাত ৪৻১০ আঃ ২০৲ খং ২৬৮

১৯৫৩ সালের ডিক্রীজারী

১০২ থাং ডিঃ কমলারঞ্জন চক্রবর্ত্তী দিং দেং আমানুল্লা মির্জ্জা দাবি ১৩৷৵৩ থানা সাগরদীঘি মৌঃ তসপাড়া ১-০৭ শতকের কাত ২৲ আঃ ৫৲ খং ১১২

১১১ থাং ডিঃ ৺শশিভূষণ চৌধুরী সম্পদ এষ্টেটের ট্রাষ্টি ইন্দ্রভূষণ চৌধুরী দিং দেং পঙ্কজকুমার সাহা দিং দাবি ১১৪৷৶০ থানা সাগরদীঘি মৌজে কৈয়র ৪-৩৩ শতকের কাত ১৮৷৶১৭ আঃ ৫০৲ খং ২৯৪

১১২ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ সাহা দাবি ১৪৪৶৬ মৌজাদি ঐ ৪-৬৭ শতকের কাত ২৩৸৵১০ আঃ ৫০৲ খং ২৯৫

১০৪ থাং ডিঃ হরিহর ঘোষাল দেং ইসমাইল সেখ দিং দাবি ১২৸৵০ থানা সাগরদীঘি মৌজে ঠাকুরপাড়া ৫ শতকের কাত ৷/০ আঃ ৫৲ খং ১২০

৭ থাং ডিঃ বিধুসুন্দরী দেবী দেং উমাপদ চৌধুরী দাবি ১৪৷৶৯ থানা ফরাক্কা মৌজে কেন্দুয়া ২৮ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ৫১৬

৮ থাং ডিঃ ঐ দেং উমাপদ চৌধুরী দিং দাবি ১৬৷৶৯ মৌজাদি ঐ ৫-০১ শতকের কাত ৬৷৶৬ আঃ ১০৲ খং ৪৭০

৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৸/৯ মৌজাদি ঐ ২৩-৪৪ শতকের কাত ৭৷/৮ আঃ ১৫৲ খং ৩৪৭

১০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৷৶৯ মৌজাদি ঐ ৩-১৬ শতকের কাত ২৷৶২ আঃ ৫৲ খং ৪৭২

৪৫ থাং ডিঃ কুমার নৃপেন্দ্রচন্দ্র পাঁড়ে দিং দেং হরেব চাঁদ ভকত দিং দাবি ৪০/০ থানা ফরাক্কা মৌজে আলাইপুর ১-৬৬ শতকের কাত ৪৷৶৫ আঃ ৩০৲ [illegible]

৫৫ থাং ডিঃ সুবোধকৃষ্ণ ঘোষ মৌলিক দিং [illegible] আমিন মোল্লা দাবি ১৭৷৩ থানা সাগরদীঘি [illegible] শীতলপাড়া ২৮ শতকের কাত ১/০ আঃ ৫৲ [illegible]

৭৮ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং জোহ[illegible] বিবি দিং দাবি ২০৷৶৯ থানা ফরাক্কা [illegible] মুস্কিনগর ২৩ শতকের কাত ২৷৵১০ [illegible] খং ৯৮৬

৮০ থাং ডিঃ ঐ দেং বেলাল সেখ দি[illegible] ৩৯৸৵৬ থানা ফরাক্কা মৌজে পারদিয়[illegible] শতকের কাত ৫৸/৪ আঃ ১০৲ খং ৪৩[illegible]

১১৩ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দেং হামিদ সেখ দাবি ২২৵৬ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ২৪ শতকের কাত ১৫৷৶০ আঃ ১০৲ খং ৭১৪

১১৫ খাং ডিঃ ট্রাষ্টি রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং অণিমাবালা ঘোষ দাবি ৩৩৸৯ থানা সাগরদীঘি মৌজে নওপাড়া ১-৭১ শতকের কাত ৪৲ আঃ ২৫৲ খং ৬১

৮৯ খাং ডিঃ উমাপদ চৌধুরী দিং দেং মির ইউসফ আলী দাবি ১৫৷৩ থানা ফরাক্কা মৌজে বৈকুণ্ঠপুর ৩১ শতকের কাত ৮৵৫ আঃ ৫৲ খং ৭৬

৯০ খাং ডিঃ ঐ দেং মির ওয়াহেদ আলী দাবি ১৬৲ থানা ঐ মৌজে হোসেনপুর ৫০ শতকের কাত ১৷৵১ আঃ ১০৲ খং ১৪৭

১২২ খাং ডিঃ সেবাইত রাজা রণেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর ওয়ার্ড অফ কোর্ট পক্ষে ম্যানেজার নশীপুর রাজ ওয়ার্ড ষ্টেট দেং এসার মহম্মদ সেখ দাবি ১৬৷৸৯ থানা সমসেরগঞ্জ মৌজে নপাড়া ২৩ শতকের সেস ৶৩ আঃ ১৫৲ খং ৭৮

১২৩ খাং ডিঃ ঐ দেং শিবশঙ্কর শর্ম্মা মহান্ত দাবি ২৩৷৵৯ থানা সমসেরগঞ্জ মৌজে ফুলন্দর ৪-৬৭ শতকের সেস ।৶৩ আঃ ২০৲ খং ৪০

১২৪ খাং ডিঃ ঐ দেং সেবাইত শিবকিঙ্কর শর্ম্মা মহান্ত দাবি ৩৯।৬ থানা ঐ মৌজে দোগাছি ৬-২৮ শতকের সেস ৮৵৬ আঃ ৩৫৲ খং ৮৮

১২৬ খাং ডিঃ অমরপ্রসাদ দাস নাঃ দিং পক্ষে অলি মাতা প্রভাবতী দাসী দেং মধুসূদন মাজ্জিত দাবি ১৭৫৶৯ থানা সাগরদীঘি মৌজে ধামুয়া, দক্ষিণ দেবগ্রাম, ডাঙ্গরাইল, বেড়গ্রাম, দুর্গাপুর ৪-৪১ ...তকের কাত ৩২৲ আঃ ১৪০৲ খং ২৭ অধীনস্থ ...১৪৩ ধামুয়া, ৪৬ দক্ষিণ দেবগ্রাম অধীনস্থ খং ..., ২৮১, ৭২, ৭৩, ২৮ ডাঙ্গরাইল অধীনস্থ খং ..., ১৬৮, ১৭ বেড়গ্রাম অধীনস্থ খং ৫৯, ৬০ ...দুর্গাপুর অধীনস্থ খং ৭৯

...২০৫ খাং ডিঃ সেবাইত ভূপেন্দ্রমোহন সরকার ...ম্যানেজার দেং শৈলবালা দাসী দাবি ৫৮৵০ ...সাগরদীঘি মৌজে ৪২নং কিসমত্যাদি পত্তনী ...৮৴০ আঃ ৪০৲ খং ১১৮ এবং তদধীনস্থ ...মুহ।


# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জ বা কু সু ম তৈ লে র গু ণ অ তু ল নী য়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ ( লে ) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন ( ২ ) ও ( ৫ ) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ ( লে ) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বলা যায়।

( ১ )

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন,
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায় ;
এর সমতুল্য তেল কি আছে ধরায় ?

( ২ )

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ,
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

( ৩ )

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে।
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

( ৪ )

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

( ৫ )

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—

শ্রীশরৎ পণ্ডিত (দা' ঠাকুর)

ইংলণ্ডেশ্বরী দ্বিতীয়া এলিজাবেথের রাজ্যাভিষেক দিবসের ৩ দিন পূর্ব্বে ব্রিটিশ কর্ণেল হাণ্টের নেতৃত্বে অভিযাত্রীদল গৌরীশঙ্কর শৃঙ্গে উপনীত হইতে সক্ষম হইয়াছেন। গতপূর্ব্ব ৯টি অভিযানের অভিজ্ঞ অভিযাত্রী পশ্চিম বঙ্গের দার্জ্জিলিং অধিবাসী শ্রীশেরপা তেনজিং প্রথমে তৎপরে নিউজিল্যাণ্ডের হিলারী উক্ত শৃঙ্গে উপনীত হন। ৮ বার বিফল-মনোরথ শেরপা তেনজিং গোঁয়ার আখ্যা পাইয়া ৯ বারের বার বীর আখ্যা প্রাপ্ত হইলেন। গিরিশৃঙ্গ বিজয়ের নিদর্শনস্বরূপ গৌরীশঙ্কর শীর্ষে রাষ্ট্রপুঞ্জ, ব্রিটিশ ও নেপালী পতাকাদণ্ড প্রোথিত করা হইয়াছে বলিয়া জানা যায়। পরে নাকি কর্ণেল হাণ্ট বলিয়াছেন ভারতীয় জাতীয় পতাকাও দেওয়া হইয়াছে। ইংলণ্ডেশ্বরীর অভিষেকে ভারতীয় জাতীয় পতাকা যে মর্য্যাদা প্রাপ্ত হইয়াছে, তাহাই তাহার পক্ষে যথেষ্ট!

## পরলোকে লুটবিহারী দত্ত

জঙ্গিপুর অঞ্চলে বিশেষতঃ সুবর্ণবণিক সম্প্রদায়ের মধ্যে স্বর্গীয় গৌরচন্দ্র দত্ত মহাশয় স্বজাতীয় মর্য্যাদা এবং আজিমগঞ্জের ধনাঢ্য জৈন মহাজন ৺দয়াচাঁদ বোথরা মহাশয়ের জঙ্গিপুরস্থ সুবৃহৎ কারবার পরিচালনার জন্য গৌর দেওয়ান নামে খ্যাতি লাভ করেন। উপর্য্যুপরি অনেকগুলি কন্যার পর তাঁহার একমাত্র পুত্র কোমলস্বভাব প্রিয়দর্শন লুটবিহারী দত্ত জন্মগ্রহণ করেন। পিতার অনেক দিনের আকাঙ্ক্ষিত একমাত্র পুত্র বলিয়া লুটবিহারী পিতার স্নেহ আদর একটু অধিক মাত্রায় পাইলেও কেহ তাঁহার ব্যবহারে ধনগর্ব্ব বা অহঙ্কারের কোন চিহ্নই দেখিতে পায় নাই। তাঁহার মধুর বাক্য ও ব্যবহারে সকলেই মুগ্ধ হইত। তাঁহার তিন পুত্র শ্রীমান্ ষষ্ঠীপদ, শ্রীমান্ শঙ্করপদ ও শ্রীমান্ দ্বারিক পিতার আদর্শে জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ উভয় পারেই বাসনের দোকান চালাইতেছেন। গত ১৯শে জ্যৈষ্ঠ মধ্য রাত্রে ব্লাডপ্রেসার ব্যাধিতে লুটবিহারী দত্ত মহাশয় তিন পুত্র, পাঁচ কন্যা, নাতি নাতিনী ও বহু আত্মীয়স্বজন রাখিয়া পরলোক গমন করিয়াছেন। তাঁহার সহধর্ম্মিণী বহুদিন পূর্ব্বে স্বর্গারোহণ করেন। আমরা দত্ত মহাশয়ের স্বজনগণের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া তাঁহার পরলোকগত আত্মার চির-শান্তি কামনা করি।

## Notice.

Applications are invited in prescribed form for a permanent Inter-regional route permit for a stage carriage to be provided on the Berhampore-Karimpur via Jellangi route. Applications will be received by the undersigned upto 30.6.53.

Sd/- S. B. Majumdar
28.5.53.
Secretary, Regional
Transport Authority,
Murshidabad.

Berhampore,
The 28th May,
1953.

## নোটিশ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণ ও বিড়ি ব্যবসায়িগণকে বিশেষভাবে জানান যাইতেছে যে, জঙ্গিপুর বাবু-বাজার সাকিমের শ্রীশশাঙ্ক ভট্টাচার্য্য ওরফে কানাই এর সহিত সুধীরকুমার বিশ্বাস এণ্ড কোংর গত ২২।৫।৫৩ হইতে আর কোন সম্বন্ধ নাই। অতঃপর তাহার কোন কৃতকার্য্যের জন্য কোম্পানী দায়ী নহে। ইতি—

প্রোঃ—সুধীরকুমার বিশ্বাস

## হবে আবার কোন্ জাহ্নবীর জন্ম এ নয়ন-জল-পতনে!



কাঁদা, চাঁদা, ফাঁদ ফাঁদা,
ঠকিয়ে বেড়াই দেশের গাধা।
একই মন্ত্র শিখেছি সবে,
কভু দুঃখে কভু উৎসবে,

খুলিলে ফণ্ডো, হয় না পণ্ড,
করি না ভয় কি ভাবনা।
গুরুর কৃপায় যে পায়, সে খায়
আমরাই কেন খাবো না?




**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায় :—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমুত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত 'ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমুর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ৵০ আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।